# ষষ্ঠ ও সপ্তম শ্রেণির সেশন পরিকল্পনার পুনঃবিবেচনা

# ইতিহাস ও সামাজিক বিজ্ঞান

ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম এই বছরেই চালু করা হলো বিধায় শিক্ষক, শিক্ষার্থী, বিদ্যালয়ের প্রশাসক, সবারই নিজেদের প্রস্তুত করতে ও নতুন শিক্ষাক্রমে অভ্যস্ত হতে কিছুটা সময় বেশি লেগেছে। তাই জানুয়ারি থেকে জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত যতগুলো শিখন অভিজ্ঞতা সম্পন্ন করার পরিকল্পনা ছিল, অনেক ক্ষেত্রেই তা করা সম্ভব হয় নি।

১৫ই নভেম্বরের মধ্যে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির অবশিষ্ট শিখন অভিজ্ঞতাসমূহ সম্পন্ন করার জন্য শিক্ষকদের জন্য কয়েকটি নির্দেশনা নিচে দেয়া হলো-

**ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির যে অভিজ্ঞতা গুলোর মূল্যায়ন হয়েছে –**

| | |
|---|---|
| ষষ্ঠ শ্রেণি | আত্মপরিচয়, সক্রিয় নাগরিক ক্লাব, বিজ্ঞানের চোখে চারপাশ দেখি, বন্যপ্রাণী সংরক্ষণ ক্লাব, আমাদের এলাকার মুক্তিযুদ্ধ |
| সপ্তম শ্রেণি | যৌক্তিক সিদ্ধান্ত নেওয়া যায় কীভাবে?, সম্প্রদায় |

ষষ্ঠ শ্রেণির জন্য আরো ৫টি শিখন অভিজ্ঞতা ও সপ্তম শ্রেণির আরো ৪টি শিখন অভিজ্ঞতা বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের পূর্বে শেষ করতে হবে

| শ্রেণি | অবশিষ্ট শিখন অভিজ্ঞতার সংখ্যা | অবশিষ্টপ্লনাঅনুযায়ী সেশন সংখ্যা | সামষ্টিক মূল্যায়নের পূর্বে যে কয়টি শ্রেণি সময় আছে (২৩ জুলাই থেকে ১০ নভেম্বর) |
|---|---|---|---|
| ষষ্ঠ শ্রেণি | ৫ | ৬৭ | ১৬ সপ্তাহে ৬৪টি সেশন |
| সপ্তম শ্রেণি | ৪ | ৬২ | ১৬ সপ্তাহে ৬৪টি সেশন |

এছাড়া, সরকারি ছুটি, অন্যান্য বিষয়ের দিনব্যাপী শ্রেণি কার্যক্রম, প্রাকৃতিক দূর্যোগ ইত্যাদি কারনে শ্রেণিভেদে কয়েকটি সেশন অতিরিক্ত প্রয়োজন হতে পারে। এই পরিপ্রেক্ষিতে, কিছু নির্দেশনা প্রস্তাব করা হল যা অনুসরণ করে শিক্ষকগণ যথা সময়ে সিলেবাসের সকল শিখন অভিজ্ঞতা শেষ করতে পারবেন।

**মনে রাখতে হবে, এই নির্দেশনা বা প্রস্তাব কেবল ২০২৩ সালের জন্য প্রযোজ্য। ২০২৪ সাল থেকে যথাযথভাবে শিক্ষক সহায়িকা অনুসরণ করে শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে।**

# ষষ্ঠ শ্রেণি

| শিখন অভিজ্ঞতার শিরোনাম | শিক্ষকদের জন্য নির্দেশনা | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| বই পড়া ক্লাব | সেশন ৩৬ ও সেশন ৩৭ কে একটি সেশনে সম্পন্ন করা যেতে পারে এবং সেশন ৩৮ ও সেশন ৩৯ কে একটি সেশনে সম্পন্ন করা যেতে পারে। এভাবে মোট সেশন সংখ্যা থেকে দু'টি সেশন কমানো যেতে পারে। | ৮ | ৬ |
| সামাজিক পরিচয় | সেশন ৪৬ থেকে সেশন ৫৫ পর্যন্ত মোট ১০টি সেশনকে কমিয়ে ৮টি সেশনে সম্পন্ন করা যেতে পারে। | ৩১ | ২৯ |
| প্রাকৃতিক ও সামাজিক কাঠামো | শিক্ষক সহায়িকা নির্দেশনা অনুযায়ী চলবে | ১০ | ১০ |
| প্রাকৃতিক ও সামাজিক কাঠামোর আন্তঃসম্পর্ক এবং আমাদের দায়িত্বশীলতা | শিক্ষক সহায়িকা নির্দেশনা অনুযায়ী চলবে | ১০ | ১০ |
| সমাজ ও সম্পদের কথা | শিক্ষক সহায়িকা নির্দেশনা অনুযায়ী চলবে | ৮ | ৮ |

<u>সাধারণ নির্দেশনা:</u>

১। শিক্ষক লক্ষ্য রাখবেন কোন বিষয়ের শ্রেণির বাইরের কাজ যেন অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময়কে প্রভাবিত না করে। অর্থাৎ ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বিষয়ের একটি শ্রেণির বাইরের কাজ যেন ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বিষয়ের পর যে বিষয়ের সেশন পরিচালিত হওয়ার কথা সে বিষয়ের সময়কে প্রভাবিত না করে। সকল বিষয়ের সেশন সময় পরিকল্পনা মত শেষ করতে হবে।

২। শিক্ষার্থীদের নিজেদের শ্রেণির সময়ের মাঝে পড়ে নিতে হবে এমন পাঠগুলো শিক্ষক নিজে পড়ে বুঝিয়ে দিতে পারেন এবং শিক্ষার্থীদের প্রশ্ন করতে পারেন। এতে করে সেশনের সময় কিছুটা সংক্ষেপ করা সম্ভব হবে এবং প্রয়োজনে পরের সেশনের কিছু কাজ আগের এই সময়ে সম্পন্ন করা যাবে। এভাবে শিক্ষকের সুবিধা অনুসারে কিছু কিছু ক্ষেত্রে ৩টি সেশনের কাজ ২টি সেশনের মাঝে সম্পন্ন করে একটি সেশন কমানো যাবে।

৩। দুর্যোগ বা অন্যান্য কারনে যদি বিদ্যালয় বন্ধ থাকে, শিক্ষক পূর্বে থেকে বাড়ির কাজ, দলীয় বাড়ির কাজ, তথ্য সংগ্রহ এই ধরণের কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিয়ে শিখন কার্যক্রম চলমান রাখতে পারেন যেন পরিকল্পনা অনুযায়ী সেশন শেষ করা সম্ভব হয়।

৪। যে কোন উপস্থাপনের সময় সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার স্বার্থে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে। <u>সেশন বা সেশনের সময় কমানোর জন্য দলের কোন সদস্যের অংশগ্রহণের সুযোগ নষ্ট করা যাবে না।</u>

# সপ্তম শ্রেণি

| শিখন অভিজ্ঞতার শিরোনাম | শিক্ষকদের জন্য নির্দেশনা | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| মুক্তিযুদ্ধের দেশি ও বিদেশি বন্ধুরা | শিক্ষক সহায়িকা নির্দেশনা অনুযায়ী চলবে। | ১০ | ১০ |
| সামাজিক মূল্যবোধ ও রীতিনীতি | শিক্ষক সহায়িকা নির্দেশনা অনুযায়ী চলবে। | ২০ | ২০ |
| সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তনে ব্যক্তির অবস্থান ও ভূমিকা | শিক্ষক সহায়িকা নির্দেশনা অনুযায়ী চলবে। | ২০ | ২০ |
| টেকসই উন্নয়ন | শিক্ষক সহায়িকা নির্দেশনা অনুযায়ী চলবে। | ১২ | ১২ |

সাধারণ নির্দেশনা:

১। শিক্ষক লক্ষ্য রাখবেন কোন বিষয়ের শ্রেণির বাইরের কাজ যেন অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময়কে প্রভাবিত না করে। অর্থাৎ ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বিষয়ের একটি শ্রেণির বাইরের কাজ যেন ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বিষয়ের পর যে বিষয়ের সেশন পরিচালিত হওয়ার কথা সে বিষয়ের সময়কে প্রভাবিত না করে। সকল বিষয়ের সেশন সময় পরিকল্পনা মত শেষ করতে হবে।

২। শিক্ষার্থীদের নিজেদের শ্রেণির সময়ের মাঝে পড়ে নিতে হবে এমন পাঠগুলো শিক্ষক নিজে পড়ে বুঝিয়ে দিতে পারেন এবং শিক্ষার্থীদের প্রশ্ন করতে পারেন। এতে করে সেশনের সময় কিছুটা সংক্ষেপ করা সম্ভব হবে এবং প্রয়োজনে পরের সেশনের কিছু কাজ আগের এই সময়ে সম্পন্ন করা যাবে। এভাবে শিক্ষকের সুবিধা অনুসারে কিছু কিছু ক্ষেত্রে ৩টি সেশনের কাজ ২টি সেশনের মাঝে সম্পন্ন করে একটি সেশন কমানো যাবে।

৩। দুর্যোগ বা অন্যান্য কারনে যদি বিদ্যালয় বন্ধ থাকে, শিক্ষক পূর্বে থেকে বাড়ির কাজ, দলীয় বাড়ির কাজ, তথ্য সংগ্রহ এই ধরণের কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিয়ে শিখন কার্যক্রম চলমান রাখতে পারেন যেন পরিকল্পনা অনুযায়ী সেশন শেষ করা সম্ভব হয়।

৪। যে কোন উপস্থাপনের সময় সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার স্বার্থে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে। সেশন বা সেশনের সময় কমানোর জন্য দলের কোন সদস্যের অংশগ্রহণের সুযোগ নষ্ট করা যাবে না।